

২০২৩

চতুর্থ সেমেস্টার

বাংলা - সাধারণ

পত্র : LCC(2)-1

(বাংলা ভাষাবিজ্ঞান, সাহিত্যের রূপভেদ ও কাব্য )

পূর্ণমান - ৬৫

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।  
উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

- ১। (ক) বাংলা ভাষার শব্দভাণ্ডারকে প্রধান ক-টি শ্রেণিতে ভাগ করা যায়? রেখাচিত্রের সাহায্যে বাংলা ভাষার শব্দভাণ্ডারের সংক্ষিপ্ত পরিচয় দাও। ২+৮
- অথবা,
- (খ) বাংলা শব্দার্থ পরিবর্তনের যে-কোনো দুটি ধারা সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ১০
- ২। (ক) সামাজিক নাটক কাকে বলে? সামাজিক নাটকের বৈশিষ্ট্যগুলি উল্লেখ করে একটি সার্থক বাংলা সামাজিক নাটকের সংক্ষিপ্ত পরিচয় দাও। ২+৩+৫
- অথবা,
- (খ) রোমান্স এবং উপন্যাসের বৈশিষ্ট্যগুলির একটি তুলনামূলক আলোচনা করে একটি সার্থক বাংলা রোমান্সের সংক্ষিপ্ত পরিচয় দাও। ৫+৫
- ৩। (ক) 'মেঘনাদবধ কাব্য'-র প্রথম সর্গ অনুসরণে রাবণ চরিত্রটির পরিচয় দাও। ১০
- অথবা,
- (খ) 'মেঘনাদবধ কাব্য'-র প্রথম সর্গের নামকরণটি যথাযথ হয়েছে কি না সে-বিষয়ে তোমার মতামত দাও। ১০
- ৪। উদাহরণসহ সংজ্ঞা দাও—
- (ক) সমীভবন। ৫
- অথবা,
- (খ) অভিশ্রুতি। ৫
- ৫। (ক) কমেডি নাটকের বৈশিষ্ট্যগুলি সংক্ষেপে লেখো। ৫
- অথবা,
- (খ) গীতিকবিতার বৈশিষ্ট্যগুলি সংক্ষেপে আলোচনা করো। ৫

৬। (ক) ‘মেঘনাদবধ কাব্য’-র প্রথম সর্গে প্রাসাদ-শিখর থেকে রাবণের দেখা রণক্ষেত্রের বর্ণনাটি সংক্ষেপে নিজের ভাষায় লেখো।

৫

অথবা,

(খ) “কুসুমদাম-সজ্জিত, দীপাবলী-তেজে  
উজ্জ্বলিত নাট্যশালা সম রে আছিল  
এ মোর সুন্দর পুরী! কিন্তু একে একে  
শুখাইছে ফুল এবে, নিবিছে দেউটি;  
নীরব রবাব, বীণা, মুরজ, মুরলী;  
তবে কেন আর আমি থাকি রে এখানে?”

— প্রসঙ্গ উল্লেখ করে উদ্ধৃত অংশটির তাৎপর্য আলোচনা করো।

৫

৭। (ক) টীকা লেখো — স্বরসঙ্গতি

৫

অথবা,

(খ) বস্তুনিষ্ঠ প্রবন্ধের বৈশিষ্ট্যগুলি সংক্ষেপে উল্লেখ করো।

৫

অথবা,

(গ) “তোমার পরশে,  
সুচন্দন-বৃক্ষশোভা বিষবৃক্ষ ধরে!”

— বক্তা কে? কার উদ্দেশে এই বক্তব্য? প্রসঙ্গটি ব্যাখ্যা করো।

১+১+৩

৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও —

১×১৫

- (ক) ‘মন্দির’ শব্দটিতে শব্দার্থের সংকোচ কীভাবে ঘটেছে?
- (খ) ‘বোষ্টম’ কোন শ্রেণির শব্দ?
- (গ) চন্দ্র > চাঁদ — কী জাতীয় ধ্বনি পরিবর্তন?
- (ঘ) ‘সন্দেশ’ শব্দটির মূল অর্থ কী?
- (ঙ) অপিনিহিতির একটি উদাহরণ দাও।
- (চ) ‘কাগজ-কলম’ শব্দদুটি কোন ভাষা থেকে আগত?
- (ছ) একটি সার্থক বাংলা ট্র্যাজেডি নাটকের নাম লেখো।
- (জ) একটি বাংলা মন্যয় প্রবন্ধের উদাহরণ দাও।
- (ঝ) রবীন্দ্রনাথের একটি সাহিত্য-সমালোচনামূলক গ্রন্থের নাম লেখো।
- (ঞ) একটি সার্থক বাংলা ঐতিহাসিক উপন্যাসের নাম লেখো।
- (ট) বঙ্কিমচন্দ্রের লেখা ‘কমলাকান্তের দপ্তর’ কোন শ্রেণির প্রবন্ধ?
- (ঠ) “কী সুন্দর মালা আজি পরিয়াছ গলে / প্রচেতঃ” — এখানে ‘মালা’ শব্দটি কোন অর্থে ব্যবহৃত হয়েছে?
- (ড) মেঘনাদের ধাত্রীমাতার নাম কী?
- (ঢ) “ধন্য রক্ষঃপতি নৈকষেয়” — ‘নৈকষেয়’ কে?
- (ণ) একটি পৌরাণিক নাটকের নাম লেখো।